



An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

DATE OF PUBLISHING
5th APR’2024

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৭৩

## ASSOCIATION SAMBAD APRIL 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

এপ্রিল - ২০২৪

## সম্পাদকের কলমে

**মৌমাছি আজ গুনগুন দোলায় পাখা**
**যেন এ হৃদয় রামধনু খুশীতে মাখা...**

পলাশের নেশা কাটিয়ে বসন্তকে বিদায় জানিয়ে, নক্ষত্রমণ্ডলে চন্দ্রের আবর্তনে, বিশাখা নক্ষত্রের নাম অনুসারে, বৈশাখ মাস প্রতিবছর তার ছন্দে ফিরে ফিরে আসে। সমগ্র বাঙালি জাতির লোকজীবন ও লোকসংস্কৃতির সমন্বিত অন্তরঙ্গ আলাপে মৈত্রী-সম্প্রীতির এক উদার মিলনক্ষেত্র হয়ে ওঠে বাংলা নববর্ষ যাপন। তাই তো বৈশাখের আগমনে, 'ঈশানের পুঞ্জমেঘে' একটা নব আশা এবং পরিতৃপ্তির অনুভবজনিত উল্লাসের প্রশান্ত মায়া লুকিয়ে থাকতে দেখি।

মানবজাতি তার ক্ষণস্থায়ী এ জীবনে, অবিচ্ছিন্ন অব্যাহত গতি বজায় রেখে, চার দেয়ালের মধ্যে নানান দৃশ্যকে সরিয়ে রেখে, সুখের আকড় হিসেবে নতুন প্রত্যাশার অভিনব কলহাস্যে, বাহির বিশ্বকে মনের আঙিনায় নিয়ে এসে নানা উৎসবে মেতে ওঠে। কালবৈশাখীর ভয়াল রূপে চেনা বৈশাখের ভিন্নতর অবয়ব প্রত্যক্ষ করে, আবহমান কাল ধরে কবি লেখককুলের কলম ঘিরে ছায়ার মতন সঙ্গিনীরা সব আসে। বাংলা কবিতায়, গল্পে, উপন্যাসে অঙ্কিত হয়ে সমকালীন চিত্র তুলে ধরে, আহ্লাদি বৃষ্টির ছিটেফোঁটায় শিহরিত প্রাণ আন্দোলিত করে আমাদের সমৃদ্ধ করে তোলে।

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লীর অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং কার্যনির্বাহী সমিতির তরফ থেকে, আমাদের গর্বের প্রতিষ্ঠানের সকল সদস্য, তাঁদের পরিবারবর্গ এবং পৃথিবীর নানা প্রান্তে বসবাসরত মনে প্রাণে সকল বাঙালিকে "বাংলা নববর্ষের" অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা রইলো। **নতুন বছরের নতুন যাত্রাপথ, সুখ আর সমৃদ্ধিময় হয়ে উঠুক। শুভ বাংলা নববর্ষ-১৪৩১।**

## বেঙ্গল অ্যাসোসিয়েশন নিজস্ব সংবাদ

গত ১৫-১৭ মার্চ, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের, "সপ্তদশ সিনে উৎসব", দুর্দান্ত সাফল্যের সাথে উদ্‌যাপিত হয়েছে। শুধুমাত্র বাংলা সিনেমা দেখবে বলে, দূর দূরান্ত থেকে ছুটে আসা অজস্র সংস্কৃতিপ্রেমী মানুষের এই ভালোবাসায় আমরা সত্যিই অভিভূত। তবে সব থেকে বেশি ভালো লেগেছে, সেটা হলো শুধু সিনেমা

দেখাই নয়, প্রত্যেকটি বাংলা ছবি প্রদর্শনের পর, বাংলা সিনেমার খুঁটিনাটি, তার ভবিষ্যৎ এবং ছবিকে কেন্দ্র করে, নানা অন্তর্দৃষ্টিপূর্ণ আলোচনা শুনতে হলভর্তি দর্শকের উজ্জ্বল উপস্থিতি।

একঝাঁক গুণী মানুষের দ্বারা প্রদীপ প্রজ্জ্বলন করে, প্রথা অনুযায়ী শুরু হয়েছিলো, সিনে উৎসবের আনুষ্ঠানিক পর্ব। এই বিশেষ মুহূর্তটিকে দিল্লির বিশিষ্ট বংশীবাদক পঙ্কজ মিশ্র লাইভ বংশী ধ্বনিতে মুখরিত করে তুলছিলেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রাক্তন সভাপতি অমিতাভ মুখার্জী এবং দীপক ভট্টাচার্য্য সহ মঞ্চে উপস্থিত ছিলেন বর্তমান সভাপতি তপন রায়, সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী, সহ-সভাপতি গণ, পশ্চিমবঙ্গের রেসিডেন্ট কমিশনার উজ্জয়নী দত্ত, প্রেস ক্লাবের সভাপতি গৌতম লাহিড়ী এবং বাংলা ফিল্ম জগতের আমন্ত্রিত অতিথিবৃন্দ।

উৎসবের প্রথম দিনে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব তত্ত্বাবধানে গঠিত অঙ্কুর প্রাথমিক বিদ্যালয়ের একদল ফুলের মতো কচি কাচা, রঙ বেরঙের পোশাকে সেজে, অনাবিল আনন্দে, রবীন্দ্র সঙ্গীতের ছন্দে, "ফুলে ফুলে ঢলে ঢলে" গানটি ছোট্ট ছোট্ট হাতের মুদ্রায় নৃত্য পরিবেশন করে উপস্থিত সকলকে মুগ্ধ করেছে। সেদিন দর্শক শ্রোতার মুহুর্মুহু করতালিতে প্রেক্ষাগৃহ আনন্দের বন্যায় ভেসে যাচ্ছিলো। এরপর মঞ্চ আলোকিত করে, নৃত্য পরিবেশন করেছিলেন, লখনউ ঘরানার কত্থক শিল্পী, দিল্লি শহরের সুপরিচিত মুখ সঙ্গীতা চ্যাটার্জী। ওনার সুদক্ষ পরিবেশনায়. আমরা একটি রবীন্দ্র নৃত্য এবং বর্ষার উপর আধারিত অপূর্ব নৃত্য উপভোগ করেছিলাম।

শতবর্ষীয়ান দুই অমর চিত্র পরিচালক তপন সিনহা ও ঋত্বিক ঘটককে শ্রদ্ধা জানিয়ে তাদের একটি করে ছবি দেখানো ছাড়াও, ছ'জন নতুন প্রজন্মের পরিচালকদের ছ'টি ছবি প্রদর্শিত হয়েছিল। চলচ্চিত্র বিশেযজ্ঞ এবং চিন্তক সঞ্জয় মুখোপাধ্যায়, জামিয়া-মিলিয়া বিশ্ববিদ্যালয়ের সিনে অধ্যয়নের অন্যতম স্তম্ভ সোহিনী ঘোষ শোনালেন, সিনেমা সম্পর্কিত নানা অজানা তথ্য। তপন সিংহের সিনেমা নিয়ে আলোচনা করার জন্য জেএনইউ থেকে কৌশিক ভৌমিক, জামিয়া-মিলিয়া থেকে অনুজ্ঞান নাগ এবং দিল্লি বিশ্ববিদ্যালয় থেকে স্মিতা ব্যানার্জী উপস্থিত ছিলেন। ছ'জন চিত্র পরিচালক সহ উপস্থিত ছিলেন অসংখ্য গুণী ব্যক্তিত্ব। ভোজন রসিক বাঙালির জন্য আমাদের পার্টনার "বাংলা ক্যানভাস"এর সযত্ন আয়োজনে ছিল, জিভে জল আনা মুখরোচক নানাবিধ খাবার। প্রচুর সংখ্যক সিনেমামোদী দর্শকের


উপস্থিতি দেখে, আবারো বলতে ইচ্ছে করছে, আপনারা এইভাবেই আমাদের সাথে জুড়ে থাকুন, আমাদের উৎসাহ প্রদান করুন আগামীতেও।

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের আগামী অনুষ্ঠান।

আগামী রবিবার, ৭ই এপ্রিল, বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগে, "মুক্তধারা" প্রেক্ষাগৃহে বিশ্ব নাট্য দিবস উপলক্ষে সারাদিন ব্যাপী অনু নাটকের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই বিশেষ অনুষ্ঠানকে ঘিরে দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের প্রায় কুড়িটি নাট্যদল এই উদ্যোগে অংশ নিয়ে ওনাদের প্রযোজিত নাটক মঞ্চস্থ করবেন। এবারের বিশ্বনাট্য দিবসে, আরও একটি জনপ্রিয় সৃজনশীল সংস্থা, শিল্প সংস্তুতি'র সাথে গাঁটছড়া বেঁধে, এই সংস্থারই একনিষ্ঠ উদ্যোগে এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্ল্যাটফর্মে, আমরা আয়োজন করতে চলেছি, লুপ্তপ্রায় পোস্টার প্রতিযোগিতার। প্রসঙ্গতঃ উল্লেখ্য, শুধুমাত্র নাটককে কেন্দ্র করে এই পোস্টার প্রতিযোগিতার আয়োজন সম্ভবতঃ ভারতবর্ষে তথা রাজধানী দিল্লিতে আগে কখনও হয়নি। প্রতিযোগিতার নিয়মানুযায়ী, প্রত্যেক নাট্যদল তাঁদের প্রযোজিত নাটকের উপর পোস্টার বানিয়ে এই প্রতিযোগিতায় অংশ নেবেন। দিল্লি কলেজ অফ আর্টের প্রাক্তন অধ্যাপক শ্রী নীরেন সেনগুপ্ত, AIFACS-এর চেয়ারম্যান পদ্মশ্রী প্রফেসর বিমান বিহারী দাস, সুপ্রসিদ্ধ নাট্যকর্মী শ্রী আশীষ ঘোষ এবং অভিনেতা লেখক এবং প্রযোজনা ডিজাইনার শ্রী নরেশ গৌতম প্রতিযোগিতার বিচারক হিসেবে দায়িত্ব পালন করে, সেরা পাঁচটি পোস্টার বেছে নিয়ে পুরস্কৃত করবেন। সকলকে স্বাগত জানাই।

আগামী ১৩ই এপ্রিল, রবিবার, বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগে, মুক্তধারা প্রেক্ষাগৃহে, সান্ধ্যকালীন একটি মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠানের বাতাবরণে "বর্ষ বিদায় বর্ষ বরণ" পালিত হবে। সকলকে স্বাগত জানাই।

আগামী ৫ই মে, রবিবার, বেঙ্গল অ্যাসোসিয়েশনের একনিষ্ঠ উদ্যোগে, প্রতিবছরের ন্যায় এ বছরেও রবীন্দ্র জয়ন্তী উপলক্ষে প্রভাতী অনুষ্ঠানের আয়োজন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। অনুষ্ঠানের বিশদ বিবরণ শীঘ্রই আপনাদের অবগত করানো হবে। এই অনুষ্ঠানে যোগদানে ইচ্ছুক অংশগ্রহণকারীদের, বিশদ বিবরণের জন্য, আমাদের ফেসবুক পোস্ট ও ওয়েবসাইটে (www.bengalassociation.com) নজর রাখার অনুরোধ জানানো হচ্ছে।


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
রবীন্দ্রজয়ন্তী
উপলক্ষ্যে
মিলেছ মোর প্রাণে মনে
প্রভাতী অনুষ্ঠান
৫ই মে, রবিবার সকাল সাড়ে ছ'টায়
রবীন্দ্র ভবন প্রাঙ্গনে

## শোক সংবাদ

গত ১লা এপ্রিল, রাজধানী শহরের বিশিষ্ট নাট্যকর্মী এবং বাচিক শিল্পী, আমাদের আজীবন সদস্যা, শ্রীমতী আভেরী চৌরে, দীর্ঘকালীন রোগভোগের পর স্বর্গলোক গমন করেছেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করে, পরিবারের প্রতি সমবেদনা জানাই।

## আনন্দ সংবাদ

বাঙালি হিসাবে আবার গর্বিত হওয়ার দিন। সত্যজিৎ রায়ের পর আরও এক বঙ্গ কন্যা সঞ্চারী দাস মল্লিক, কার্তিকি গনসালভেস পরিচালিত 'দ্য এলিফেন্ট হুইসপারার্স' ছবিটিতে সম্পাদনার কাজ করে অস্কার পুরস্কারে ভূষিত হয়েছেন। এবার বিশ্ব সিনেমায়, ৯৫তম অস্কারের মঞ্চে, স্বল্প দৈর্ঘ্যের তথ্যচিত্র বিভাগে পুরস্কার লাভ করে, বাংলা তথা ভারতের মুখ উজ্জ্বল করলেন কলকাতার এই মেয়ে, সেন্ট জেভিয়ার্স থেকে স্নাতক সঞ্চারী। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে ওনাকে আন্তরিক অভিনন্দন জানানো হলো।

ভারতের প্রতিরক্ষা মন্ত্রকের অন্তর্গত DRDO অর্থাৎ ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের অন্দরমহলে একটা ঐতিহাসিক মুহূর্ত সৃষ্টি হলো। এই উল্লেখযোগ্য মুহূর্তটির সাথে নাম জুড়ে গেলো, রাজধানী শহরের বিশিষ্ট সঙ্গীতজ্ঞ শ্রী মিহির বসুর নাম। DRDO সংস্থা, সম্প্রতি তাঁদের কার্যকলাপ এবং উন্নয়ন সম্পর্কিত বিষয় নিয়ে, একটি বিশেষ সঙ্গীত প্রকাশের উদ্যোগী হয়েছিলেন। তাঁরা চেয়েছিলেন, সেই সঙ্গীত রচনাটি এমন একটি উচ্চমানের তৈরী হোক যেটা DRDO সংস্থার নিজস্ব সঙ্গীত হিসাবে, তাঁদের আগামী প্রত্যেকটি অনুষ্ঠানে সম্প্রচার করা হবেষ। প্রায় আড়াই হাজার গান বাছাইয়ের পর, রাজকুমারের লেখা একটি গান, মিহির বসুর নিজস্ব সুরারোপে, অভিজ্ঞ সঙ্গীত বিন্যাস, ভয়েস ডাবিং এবং ভিডিও সম্পাদনার মাধ্যমে সেরা নির্বাচিত হলো। এই গানটিতে কন্ঠ দিয়েছেন, অনুরাগ ভান্ডারী, বসুধারা রায় মুন্সি, বিশাখা বসু এবং মিহির বসু। এই গানটি DRDO হেডকোয়ার্টার, প্রতিরক্ষা মন্ত্রক থেকে DRDO ভবনের কোঠারি অডিটোরিয়ামে জাতীয় বিজ্ঞান দিবস উদ্‌যাপনে প্রকাশিত হয়ে DRDO এর ইতিহাসে একটি মাইলফলক হিসাবে চিহ্নিত হলো। উক্তদিনে চারজন স্বনামধন্য বিজ্ঞানীর সাথে শ্রী মিহির বসুকেও স্বীকৃতি স্বরূপ বিশেষভাবে সম্মানিত করা



আবাহন
নাট্য গ্রুপ
বিকল্প
BHUSHAN AMATEURS
DAKSHINAYAN NATYO GOSTHI
নাটক দীর্ঘজীবী হোক
BENGAL ASSOCIATION
NEW DELHI
বিশ্ব নাট্য দিবস
"The theatre is the greatest of all art forms, the most immediate way in which a human being can share with another the sense of what it is to be a human being."
OSCAR WILDE
SRIJANEE
Sambit
SANSAPTAK
Saanjh Baati
ROOM THEATRE
AAKRITI
Life on stage
HORIZONS
নাট্যরঙ্গ
NIRBAK ACTING ACADEMY
people's theatre group

হয়েছে। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে, এই উদ্যোগের সাথে জুড়ে থাকা সকলকে আন্তরিক অভিনন্দন জানানো হলো।

শ্রী অনুপ ঘোষ রাজধানী দিল্লি শহরের একজন বরিষ্ঠ নাট্যকর্মী। বিভিন্ন নাটকে অভিনয় করার পাশাপাশি ইনি হিন্দি ফিচার ফিল্ম, কর্পোরেট ফিল্ম এবং বিজ্ঞাপনী ফিল্মেও অভিনয় করেছেন। অভিনয় করার সাথে কয়েকটি বাংলা ও হিন্দি নাটক পরিচালনাও করেছেন। এছাড়াও ইনি একজন প্রশিক্ষিত মেক-আপ শিল্পী এবং পাশাপাশি সঙ্গীত নাটক একাডেমি-দিল্লি, শ্রী রাম সেন্টার রেপার্টরি-দিল্লি, উদ্দান-দিল্লি ইত্যাদির জন্য মেক-আপ কর্মশালা পরিচালনা করেন। এমনকি ন্যাশনাল স্কুল অফ ড্রামা-স্টুডেন্টস প্রোডাকশন, সাহিত্য কলা পরিষদ, সিন্ধি একাডেমি, হিন্দি একাডেমি, গভর্নমেন্টের সাথে মেক-আপ আর্টিস্ট হিসেবে কাজ করেছেন। সম্প্রতি পশ্চিমবঙ্গের গোবর ডাঙ্গা আকাঙ্খা নাট্য সংস্থা, ওনাদের জাতীয় নাট্যমেলায়, দিল্লির এই বিশিষ্ট রূপসজ্জা শিল্পীকে "জাতীয় রঙ বাহারী" সম্মানে ভূষিত করেছেন। এছাড়াও তিনি সম্প্রতি পশ্চিমবঙ্গের রবীন্দ্রনগর নাট্যযুধ আয়োজিত, দশম বর্ষ শম্ভু মিত্র ও বিজন ভট্টাচার্য্য স্মৃতি নাট্য উৎসবে, উদ্বোধক হিসাবে সম্মানিত হয়েছেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে ওনাকে আন্তরিক অভিনন্দন জানানো হলো।

# বিশেষ সংবাদ

গত ১৭ই মার্চ, রবিবার, বিকেল পাঁচটায় দিল্লি কালীবাড়ির প্রণব মুখার্জী সভাগৃহে কলমের সাত রঙ পত্রিকার তরফ থেকে একটি সাহিত্য সভ্য অনুষ্ঠিত হয়েছে।

গত ১৭ই মার্চ, বিকেল পাঁচটায়, মাতৃমন্দির লাইব্রেরী হলে 'রবিবারের বঙ্গ সংস্কৃতির আসর' অনুষ্ঠিত হয়েছে। আসরের নিয়ম মেনে 'বাংলার মাটি বাংলার জল' গানটি গেয়ে আসর শুরু হয়। গত মাসে যে সকল বাঙালি মনীষী জন্মগ্রহণ করেছিলেন তাঁদের নাম উল্লেখ করার পর যে সকল সভ্যদের জন্মমাস, তাঁদের একটি লাল গোলাপ দিয়ে দীর্ঘ সুস্থ জীবন কামনা করা হয়। অন্যান্য গান কবিতার সঙ্গে পুরনো দিনের গান, বসন্ত সম্পর্কে একটি ছোটো লেখা এবং রাজশেখর বসু সম্পর্কে আলোচনায় অংশ নেন, উপস্থিত গুণী ব্যক্তিরা। মাতৃমন্দিরের সঙ্গীত গোষ্ঠী একটি গীতিআলেখ্য 'আহা আজি এ বসন্তে' পরিবেশন করেন। এরপর 'মোদের গরব মোদের আশা' গানটি গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।

অঙ্কুর

BENGAL ASSOCIATION বেঙ্গল অ্যাসোসিয়েশন NEW DELHI

ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।

স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
**'ANKUR'** OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!

Paytm Accepted Here

Paytm से UPI

UPI & Wallet | Paytm Postpaid | UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ৩রা মার্চ আন্তর্জাতিক লেখক দিবস (World Writer's Day) উপলক্ষ্যে সহচরী বুক ক্লাব আয়োজিত বিশেষ সাহিত্য সভা অনুষ্ঠিত হল, ইবিডিপি, চিত্তরঞ্জন পার্কে উদ্বোধন ও সমাপন সঙ্গীত পরিবেশনায় ছিলেন সাম্পান শিল্পীবৃন্দ। অনুষ্ঠানের ভূমিকা পর্বে 'আন্তর্জাতিক লেখক দিবস' ও সাহিত্য সভার থিম সম্পর্কে রাখলেন, অধ্যাপক ডঃ শাশ্বতী গাঙ্গুলী। এক ঝলক-পশ্চিমের, এই বিষয়টি নিয়ে আলোচনার পর মহাকবি মাইকেল মধুসূদন দত্ত-এর দ্বিশত জন্মবর্ষের শ্রদ্ধার্ঘ্য এবং কবি জীবনানন্দ দাশের একশো পঁচিশতম জন্মবর্ষের শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেছিলেন গোপা বসু। কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর জন্মশতবর্ষের শ্রদ্ধার্ঘ্য অর্পণ সহ সাহিত্যিক সমরেশ বসু-র জন্মশতবর্ষের শ্রদ্ধার্ঘ্য অর্পণে তাঁর লেখা 'আদাব' ছোটো গল্পটিকে শ্রুতিনাটকরূপে পরিবেশিত হয়। কবি সলিল চৌধুরীকে জন্ম শতবর্ষের শ্রদ্ধার্ঘ্য অর্পণ সহ কবি ভবানীপ্রসাদ মজুমদার স্মরণেও শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেছিলেন সহচরীরা।

গত ২৪শে মার্চ সন্ধ্যায়, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির প্রযোজনায়, চিত্তরঞ্জন পার্কের চিত্তরঞ্জন ভবনে, রবিগীতিকা নিবেদন করলেন, বাংলা ভক্তিগানের রসধারায় "সাকার থেকে নিরাকার" অসামান্য অনুষ্ঠানটি।

গত ২৮শে মার্চ 'বিশ্ব নাট্য দিবস' উদ্‌যাপন উপলক্ষে সহচরী আয়োজিত অনুষ্ঠান 'প্রসঙ্গ নাটক' অনুষ্ঠিত হল চিত্তরঞ্জন পার্কে। এই অনুষ্ঠানের প্রথম ভাগে 'নাট্য কর্মশালা" ও দ্বিতীয় ভাগে সহচরীদের পরিবেশনায় ছিল কয়েকটি শ্রুতি নাটক। নাট্য কর্মশালার প্রশিক্ষণে ছিলেন বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব শ্রীমতী শিপ্রা দাস, শ্রীমতী জয়ন্তী সেন, শ্রীমতী রুমা বসু ও শ্রী অঞ্জন বসু। উচ্চারণ, সংলাপ, দেহভঙ্গিমা ইত্যাদি বিবিধ বিষয়ে আলোচনা ও প্রশ্নোত্তর সেশনও ছিল। পরপর আটটি অত্যন্ত চিত্তাকর্ষক শ্রুতিনাটক সুচারুরূপে পরিবেশন করলেন সহচরীরা।

গত ৩০-৩১ মার্চ, চিত্তরঞ্জন পার্ক, নয়াদিল্লির হেল্প অ্যান্ড হিল ফাউন্ডেশন ট্রাস্ট-এর উদ্যোগে, চিত্তরঞ্জন পার্কের পূর্বশ্রী মহিলা সমিতি কমপ্লেক্সে দু'দিন ব্যাপি চৈত্রমেলার আয়োজন করা হয়েছিল। বিনামূল্যে মাল্টি স্পেশালিটি মেডিকেল ক্যাম্প হিসাবে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল যেখানে বেশ কয়েকজন সুপরিচিত অভিজ্ঞ ডাক্তারের তত্ত্বাবধানে, সম্পূর্ণ সজ্জিত ম্যামোগ্রাফি ইউনিট ভ্যান, স্বাস্থ্য এটিএম এবং রক্তদান ভ্যানের ব্যবস্থা করে বিভিন্ন পরীক্ষা/স্ক্রিনিং সুবিধার ব্যবস্থা করা হয়েছিল সম্পূর্ণ বিনামূল্যে। বিশেষ আকর্ষণ হিসাবে ঐতিহ্যবাহী


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের সদস্য হতে চান?
অথবা সদস্যতা নেবার পর ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?
যোগাযোগ করুন বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে
ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com
www.bengalassociation.com

বাঙালি স্বাস্থ্যকর খাবার, হস্তশিল্প ও মহিলাদের পোশাকের প্রচুর সংখ্যক স্টলের ব্যবস্থা করা হয়েছিল। এছাড়া প্রবীণ নাগরিকদের নির্দেশনা ও পরামর্শ দেওয়ার জন্য অ্যাডভোকেটদের অনুশীলনের মাধ্যমে একটি আইনি শিবিরেরও আয়োজন করা হয়েছিল। সাংস্কৃতিক অনুষ্ঠানের অঙ্গ হিসাবে, শিশুদের ক্যানভাসে ছবি আঁকা, ক্যুইজ প্রতিযোগিতা, বিভিন্নভাবে অক্ষম শিশু এবং EWS-এর শিশুদের গান এবং নাচ পরিবেশন সহ ছোটদের নাটক ছিল আরেকটি উল্লেখযোগ্য আকর্ষণ। শুধু ছোটোরাই নয়, দিল্লির সুবিখ্যাত বাচিক শিল্পী, নৃত্যশিল্পী মুখাভিনয় শিল্পী, কণ্ঠশিল্পীরা এবং স্থানীয় বয়স্ক বাসিন্দাদের একটি সংক্ষিপ্ত শ্রুতি নাটক পরিবেশনের মাধ্যমে এই বিশেষ অনুষ্ঠানটিকে অন্য মাত্রায় তুলে ধরেন।

গত ৩১শে মার্চ, দক্ষিণ দিল্লি কালীবাড়ির তরফ থেকে একটি ভক্তিমূলক অনুষ্ঠান উপলক্ষ্যে, কনফারেন্স হলে কথামৃত পাঠের আসর বসেছিল। এই পুন্য লগ্নে উপস্থিত ছিলেন, রামকৃষ্ণ মিশনের দিল্লি শাখার পরম পূজনীয়, স্বামী দেবস্থানন্দ মহারাজ।

গত ৩১শে মার্চ, রাজধানী শহরের অন্যতম জনপ্রিয় সাংস্কৃতিক সংস্থা, ইম্প্রেসারিও ইন্ডিয়ার উদ্যোগে, ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের, সিডি দেশমুখ অডিটোরিয়ামে, দিল্লির দুই সংস্কৃতি ব্যক্তিত্ব দম্পতি, নবনীতা চ্যাটার্জী এবং সিদ্ধার্থ ভাদুড়ী নির্দেশিত, পল্লীকবি জসীম উদ্দীনের কালজয়ী সৃষ্টি, "নক্সী কাঁথার মাঠ" অবলম্বনে একটি কাব্যগীতি নাট্য মঞ্চস্থ হয়েছে। রাজধানী শহরের একগুচ্ছ গুণী শিল্পীবৃন্দের সমন্বয়ে, বহু প্রতীক্ষিত 'নক্সী কাঁথার মাঠ' শীর্ষক প্রকৃতি আর মানব মুক্তির অবাধ স্ফুরণ, বাংলা সাহিত্যের এক অনবদ্য আখ্যানকাব্যটি, রাজধানী শহরের সংস্কৃতি প্রেমী মানুষের কাছে ভূয়সী প্রশংসা পেয়েছে।

# আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৭ই এপ্রিল, রবিবার, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের উল্লেখযোগ্য সাঙ্গীতিক দল, "সপ্তক" গোষ্ঠী তাদের দশম বর্ষ উদ্‌যাপনের অঙ্গ হিসাবে, একটি অসামান্য সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করেছে। অসংখ্য মানুষের শুভকামনায় এই সাঙ্গীতিক গোষ্ঠী, গুটি গুটি পায়ে তাঁদের উল্লেখযোগ্য দশটি বসন্ত পার করে, দিল্লির সঙ্গীত চর্চার

ইতিহাসে একটা উজ্জ্বল নক্ষত্র হিসাবে পাকাপাকি স্থান লাভ করতে সক্ষম হয়েছে। এই পুন্য লগ্নে সপ্তক গোষ্ঠীর যুগ্ম কর্ণধার বিশাখা এবং মিহির বসু, পরিকল্পনা নিয়েছেন, রাজধানী শহরের উল্লেখযোগ্য কয়েকটি সাংস্কৃতিক সহযোদ্ধা তথা প্রথম শ্রেণীর কয়েকটি সংগঠন এবং সাংস্কৃতিক ব্যক্তিত্বকে সম্মানিত করার। ওনাদের এই শুভ উদ্যোগকে স্বাগত জানাই।

আগামী ১৩ই এপ্রিল, ফরিদাবাদ কালীবাড়ির সৌজন্যে, নবপল্লী নাট্য সংস্থা তাঁদের প্রযোজিত নাটক "প্রথম প্রতিশ্রুতি" পুনঃ মঞ্চস্থ করবেন। রাজধানী দিল্লির বিভিন্ন মঞ্চে নাটকটি মঞ্চস্থ হয়ে নাট্যমোদী মানুষের ভূয়সী প্রশংসা কুড়িয়েছেন। জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিতা, প্রখ্যাত সাহিত্যিক আশাপূর্ণা দেবীর কালজয়ী উপন্যাস অবলম্বনে রচিত এই নাটকটি, নাট্যরূপ এবং নির্দেশনা করেছেন, রাজধানী শহরের বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব শ্রী বিশ্বজিৎ সিনহা। রাজধানী দিল্লি শহরের সুপরিচিত কলা কুশলীগণ এই নাটকে অভিনয় করে, নাটকটি অন্য উচ্চতায় তুলে নিয়ে যেতে সক্ষম হয়েছেন।

আগামী ১৩ই এপ্রিল, সন্ধ্যায় রাজধানী শহরের বিশিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা, লে রিদম ফোরাম ফর কালচারাল এন্ড এডুকেশন এবং DLF দুর্গাপূজা এবং বেঙ্গলি কালচারাল সোসাইটি (DCDP) যৌথ উদ্যোগে "নব আনন্দে জাগো স্বাগত নববর্ষ" শীর্ষক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করবেন, কোলকাতার সুবিখ্যাত গায়িকা সোমদত্তা ব্যানার্জী এবং "এসো হে বৈশাখ" শীর্ষক অনুষ্ঠানটি পরিবেশন করবেন লে রিদম স্কুল অফ মিউজিক এন্ড ড্যান্স।

আগামী ১৬ই এপ্রিল, ইম্প্রেসারিও ইন্ডিয়ার উদ্যোগে, ইন্ডিয়া হ্যাবিটেট সেন্টারের স্টেইন অডিটোরিয়ামে, বিখ্যাত নাট্যকার দেবেশ চট্টোপাধ্যায়ের রচিত এবং নির্দেশিত "ব্রেন" নাটকটি মঞ্চস্থ হবে। কোলকাতার লেকটাউন শ্রীভূমি সংস্কৃতির উপস্থাপনায়, অভিনয়ে আছেন, দেবেশ চট্টোপাধ্যায়, সুজন মুখার্জী (নীল) এবং বিদীপ্তা চক্রবর্তী। বিস্তারিত তথ্যের জন্য আগ্রহী ব্যক্তিগণ উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

আগামী ২০শে এপ্রিল, সন্ধ্যায় গুরুগ্রাম সেক্টর ২৮, মিউজ ও ক্যামেরা DLF Phase 4 এ GAAN TEA কলকাতা কলিং এবং সিনেমা ফর কজ এর একটি যৌথ উগ্যোগে, একটি সাঙ্গীতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে। উদ্যোক্তাদের তরফ থেকে সকল সঙ্গীত প্রেমী মানুষদের সাদর আমন্ত্রণ জানিয়েছেন।

আগামী ২৮শে এপ্রিল, সুরালাপ গ্লোবাল মিউজিক কনসার্ট ও দক্ষিণ দিল্লি কালীবাড়ির সহযোগিতায় বাংলা কীর্তন কর্মশালা ও কীর্তন সন্ধ্যা অনুষ্ঠিত হতে চলেছে দক্ষিণ দিল্লি কালীবাড়ি মন্দির প্রাঙ্গণে। এই কর্মশালার কীর্তনের বির্বতন, তালের জ্ঞান, কীর্তনের ধরন, আখর ও দোহার, লীলা কীর্তন ও কালি কীর্তন, গান ও বিবরণ দ্বারা শেখানোর প্রয়াস করা হবে। সান্ধ্যকালীন অনুষ্ঠানে, শ্রীবাসঙ্গন, বিভিন্ন ধরণের কীর্তনাঙ্গ গান ও পালা কীর্তন বাংলার বিখ্যাত কীর্তনিয়া দলের পক্ষ থেকে পরিবেশিত হবে। কর্মশালায় অংশগ্রহণ করার জন্যে, উৎসাহীরা এই দুই সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন।

# অন্যান্য সংবাদ

আগামী ১৪-১৮ এপ্রিল, দিল্লির আয়ানগরে মহাকালী মন্দিরে (অর্জনগড় মেট্রো স্টেশনের সন্নিকট) শ্রীশ্রী বাসন্তী দুর্গাপূজার আয়োজন করা হবে। সাধারণ সম্পাদক শ্রী কৃষ্ণান চক্রবর্তী জানিয়েছেন, প্রতিদিন পূজা সমাপনের পর, ভক্তদের জন্য বিতরণের ব্যবস্থা করা হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, এই মহাকালী মন্দির স্থাপিত হয়েছিল ১৯৯৮ সালে।

আগামী ১৪ই এপ্রিল, ২০২৪ রবিবার বাংলা নববর্ষ (পয়লা বৈশাখ) উপলক্ষ্যে দক্ষিণ দিল্লি কালীবাড়ি প্রাঙ্গণে, মায়ের বিশেষ পুজোর পর, দুপুরে উপস্থিত ভক্তদের মধ্যে ভোগ বিতরণ করা হবে। এইদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে, দক্ষিণ দিল্লি কালীবাড়ির সঙ্গীতগোষ্ঠী, কোমল গান্ধার উদ্বোধনী সঙ্গীত পরিবেশনের পর একক গান পরিবেশন করবেন, শ্রীমতী সোমশ্রী ঘোষদস্তিদার। এরপর প্রথানুযায়ী, অনুষ্ঠান শেষে উপস্থিত সকলের মধ্যে মিষ্টি মুখ সহ বাংলা ক্যালেন্ডার এবং পঞ্জিকা বিতরণ করা হবে।

# একটি বিশেষ আবেদন

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।







মুক্তধারা
বুক শপ
রাজধানী দিল্লিতে বাংলা বইয়ের একমাত্র নির্ভরযোগ্য প্রাপ্তিস্থান
বঙ্গ সংস্কৃতি ভবন, ১৮-১৯ ভাই বীরসিং মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লী




**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**